

নিউ সাউথ ওয়েলস্ টিকাদান সময়সূচী

নিউ সাউথ ওয়েলস্ এর চলতি টিকাদান সময়সূচী দেখতে হলে নিউ সাউথ ওয়েলস্ হেলথ এর ওয়েবসাইট www.health.nsw.gov.au/schedule দেখুন।

টিকাদানের জন্য 'সেভ দ্য ডেইট'

গুরুতর রোগের বিরুদ্ধে আপনার শিশুর সবচেয়ে ভালো সুরক্ষা হলো সময়মত টিকা দেওয়া। 'সেভ দ্য ডেইট টু ভ্যাকসিনেট' (Save the Date to Vaccinate) অ্যাপটি আপনার শিশুর টিকা সময়মত দেওয়া নিশ্চিত করতে আপনাকে সাহায্য করতে পারে।



অ্যাপটি ডাউনলোড করার জন্য 'সেভ দ্য ডেইট টু ভ্যাকসিনেট' ওয়েবসাইটটি দেখুন এবং আপনার পরিবারের জন্য দরকারী টিকাদান সময়সূচী তৈরি করে নিনঃ www.health.nsw.gov.au/immunisation



আমার ব্যক্তিগত স্বাস্থ্য রেকর্ড (ব্লু বুক)

ডাক্তার বা নার্স যাতে আপনার শিশুর টিকাগুলো রেকর্ড করতে পারে সেজন্য প্রতিবার সাক্ষাতের সময় আপনার শিশুর ব্লু বুক নিয়ে আসা জরুরী।

প্রাপ্তবয়স্কদের টিকা রেকর্ড ফরম

www.health.nsw.gov.au/recordvaccines ওয়েবসাইটে প্রাপ্তবয়স্কদের জন্য টিকা প্রদানের রেকর্ড রাখার ফরম পাওয়া যাবে যা আপনাকে আপনার টিকাগুলোর হিসাব রাখতে সাহায্য করতে পারে।

অতিরিক্ত তথ্য

নিউ সাউথ ওয়েলস্ হেলথ্

www.health.nsw.gov.au/immunisation

অস্ট্রেলিয়ান ইম্যুনাইজেশন রেজিস্টার

<https://www.humanservices.gov.au/individuals/services/medicare/australian-immunisation-register>

অস্ট্রেলিয়ান সরকারের ডিপার্টমেন্ট অব হেলথ্

<https://beta.health.gov.au/health-topics/immunisation>

নিউ সাউথ ওয়েলস্ অ্যান্টিন্যাটাল পারটুসিস্ ভ্যাকসিনেশন প্রোগ্রাম

www.health.nsw.gov.au/protectnewborns

গর্ভাবস্থা

গর্ভপূর্বাঘস্থা থেকে প্রসব পর্যন্ত সুরক্ষা এবং টিকাদান



গর্ভবতী হওয়ার পূর্বে

গর্ভবতী হওয়ার পূর্বে আপনার টিকাগুলো হালনাগাদ আছে কি না তা নিশ্চিত করা জরুরী কারণ আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা আপনার শিশুর শরীরে সঞ্চারিত হবে এবং তাদের টিকা দেওয়ার পূর্বে জীবনের প্রথম কয়েক সপ্তাহে সুরক্ষা দেবে। কিছু কিছু রোগ আপনার গর্ভাবস্থাকে ক্ষতিগ্রস্ত করতে পারে সুতরাং গর্ভবতী হওয়ার পূর্বেই সুরক্ষিত হওয়া খুবই ভাল সিদ্ধান্ত। আপনি সুরক্ষিত কি না তা একটি সামান্য রক্ত পরীক্ষার মাধ্যমেই জানা যেতে পারে।

হাম, গলা ফোলা এবং রুবেলা (MMR)

গর্ভাবস্থায় যদি আপনার হাম, গলা ফোলা কিংবা রুবেলা হয় তাহলে আপনার গর্ভপাত, অকাল প্রসব কিংবা আপনার শিশু গুরুতর সমস্যা নিয়ে জন্মাতে পারে। যদি আপনি সুরক্ষিত না হন তাহলে আপনাকে টিকা নিতে হবে। **টিকা নেওয়ার পর ২৮ দিন গর্ভবতী না হওয়াই ভাল।**

ভেরিসেলা (জলবসন্ত)

গর্ভাবস্থায় জলবসন্ত হলে আপনার বাচ্চা গুরুতর সমস্যা নিয়ে জন্মাতে পারে। আপনি যদি সুরক্ষিত না হয়ে থাকেন তাহলে আপনার টিকা নেওয়া উচিত।

টিকা নেওয়ার পর ২৮ দিন গর্ভধারণ এড়াতে হবে।

আপনি যখন গর্ভধারণ করবেন

হেপাটাইটিস বি

সকল গর্ভবতী মহিলাদের হেপাটাইটিস বি সংক্রমণের জন্য পরীক্ষা করা হয় কারণ এটি জন্মের সময় তাদের শিশুর দেহে ছড়িয়ে যেতে পারে। আপনার যদি এই রোগ থাকে তাহলে আপনাকে একজন বিশেষজ্ঞের সাথে দেখা করা প্রয়োজন হতে পারে এবং আপনার শিশুকে জন্মের ১২ ঘণ্টার মধ্যে দুটি ইনজেকশন দিতে হবে। এই চিকিৎসা ছাড়া, আপনার শিশুর দীর্ঘস্থায়ী হেপাটাইটিস বি সংক্রমণ হতে পারে, যা লিভার ক্ষতিগ্রস্ত হওয়া কিংবা লিভার ক্যান্সারের মত মারাত্মক স্বাস্থ্য সমস্যায় রূপ নিতে পারে।

ভূপিং কাশি (পারটুসিস্)

গর্ভবতী মহিলাদেরকে তাদের প্রতিটি গর্ভাবস্থায় সাধারণত ২৮ সপ্তাহের সময় ভূপিং কাশির টিকা দেয়া হয়ে থাকে (২০ থেকে ৩২ সপ্তাহের যেকোনো সময়ে দেওয়া যেতে পারে) এবং যেসকল মহিলাদের নির্দিষ্ট সময়ের আগেই গর্ভপাতের ঝুঁকি থাকে তাদেরকে এটি যত দ্রুত সম্ভব (২০ সপ্তাহ থেকেই) দেওয়া উচিত। এটি আপনাকে এবং আপনার শিশুকে সুরক্ষা দেবে কারণ অ্যান্টিবডিগুলো মাতৃগর্ভেই শিশুর শরীরে সঞ্চারিত হয়। গর্ভাবস্থায় ভূপিং কাশির টিকা নেওয়া মা এবং গর্ভের শিশু দুজনের জন্যই নিরাপদ।

এছাড়াও যদি আপনার সঙ্গী, শিশুর দাদা দাদী এবং অন্য যেকোনো ঘনিষ্ঠ প্রাপ্তবয়স্ক পরিচর্যািকারী গত ১০ বছরে ভূপিং কাশির কোনো টিকা না নিয়ে থাকে তাহলে বাচ্চার জন্মের অন্তত দুই সপ্তাহ আগেই তাদের এর টিকা নিতে বলবেন।

ফ্লু (ইনফ্লুয়েঞ্জা)

গর্ভাবস্থায় ফ্লু এর অসুস্থতা গুরুতর হতে পারে যেখানে অকালপ্রসব এবং অন্যান্য জটিলতার বাড়তি ঝুঁকি থাকে। গর্ভাবস্থায় ফ্লু এর টিকা নেওয়া নিরাপদ এবং কার্যকরী এবং তা নেওয়ার জন্য সকল গর্ভবতী মহিলাদের জোরালোভাবে পরামর্শ দেওয়া হয়। গর্ভবতী মহিলাদের জন্য ফ্লু এর টিকা ফ্রি এবং তা মাতৃগর্ভে থাকাকালীন এবং জন্মের প্রথম কয়েক মাস পর্যন্তও শিশুকে সুরক্ষা দেয়।

আপনার শিশুর জন্মের পর

বাচ্চার জন্মের পর পরই নিয়মিত টিকা নেওয়া আপনার জন্য নিরাপদ, এমনকি আপনি বুকের দুধ খাওয়ালেও। আপনি যদি গর্ভাবস্থায় টিকা না নিয়ে থাকেন তাহলে হাসপাতাল ছাড়ার আগেই আপনাকে ভূপিং কাশির টিকা নিতে হবে।

আপনার শিশুর প্রথম টিকা, হেপাটাইটিস বি, জন্মের পরই দেওয়ার পরামর্শ দেওয়া হয় এবং তার পরবর্তী নির্ধারিত টিকাটি পড়বে শিশুর ৬ সপ্তাহ বয়সের সময়।

হেপাটাইটিস বি-তে আক্রান্ত মায়ের গর্ভে জন্মানো শিশুদের এ রোগ থেকে সুরক্ষা নিশ্চিত করার জন্য তাদের হেপাটাইটিস বি এর টিকা দেওয়ার ৩ মাস পর একটি রক্ত পরীক্ষা করাতে হবে। নিউ সাউথ ওয়েলস্ হেলথ থেকে আপনাকে এবং আপনার ডাক্তারকে টিকা দেয়ার ব্যাপারটি মনে করিয়ে দিয়ে একটি চিঠি পাঠানো হবে।

আপনার সবগুলো টিকা হালনাগাদ থাকা জরুরী কারণ আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা আপনার শিশুর দেহে স্থানান্তরিত হবে।